# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১০৬৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৭০]

পর্ব-১২: তাত্ববীক্ব (রুকূ’তে দু' হাত হাঁটুদ্বয়ের মাঝে স্থাপন) করা (كتاب التطبيق)

পরিচ্ছেদঃ ২৫: রুকূ হতে দাঁড়িয়ে যা বলবে

## بَاب مَا يَقُولُ فِي قِيَامِهِ ذَلِكَ

আরবী

خْبَرَنَا حُمَيْدُ بْنُ مَسْعَدَةَ، قال: حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ، قال: حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ، عَنْ أَبِي حَمْزَةَ، عَنْرَجُلٍ مِنْ بَنِي عَبْسٍ، عَنْ حُذَيْفَةَ، أَنَّهُ صَلَّى مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ لَيْلَةٍ فَسَمِعَهُ حِينَ كَبَّرَ قَالَ: اللَّهُ أَكْبَرُ ذَا الْجَبَرُوت وَالْمَلَكُوت وَالْكِبْرِيَاءِ وَالْعَظَمَةِ وَكَانَ يَقُولُ فِي رُكُوعِهِ سُبْحَانَ رَبِّيَ الْعَظِيمِ وَإِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ قَالَ لِرَبِّيَ الْحَمْدُ لِرَبِّيَ الْحَمْدُ وَفِي سُجُودِهِ سُبْحَانَ رَبِّيَ الْأَعْلَى وَبَيْنَ السَّجْدَتَيْنِ رَبِّي اغْفِرْ لِي رَبِّي اغْفِرْ لِي وَكَانَ قِيَامُهُ وَرُكُوعُهُ وَإِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ وَسُجُودُهُ وَمَا بَيْنَ السَّجْدَتَيْنِ قَرِيبًا مِنَ السَّوَاءِ

تخریج دارالدعوہ: سنن ابی داود/الصلاة ۱۵۱ (۸۷۴)، سنن الترمذی/الشمائل ۳۹ (۲٦۰)، (تحفة الأشراف: ۳۳۹۵)، وقد أخرجہ: سنن ابن ماجہ/الإقامة ۲۳ (۸۹۷)، من قولہ: ”کان یقول بین السجدتین“ ویأتی عند المؤلف برقم: ۱۱۴٦ (صحیح) (سند میں ”رجل“ جو مبہم راوی ہے بقول شعبہ ”صلہ بن زفر“ ہے، نیز کئی اس کے متابعات بھی ہیں)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1070 ـ صحيح

বাংলা

১০৬৯. হুমায়দ ইবনু মাস্‌’আদাহ্‌ (রহ.) ..... হুযায়ফাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি এক রাতে রাসূলুল্লাহ (সা.) -এর

সাথে সালাত আদায় করেন। তিনি যখন তাকবীর বললেন, তখন তাকে বলতে শুনলেন- “আল্ল-হু আকবার যাল জাবারূতি ওয়াল মালাকূতি ওয়াল কিবরিয়া-য়ি ওয়াল ’আযামাতি” (আল্লাহ মহান, যিনি প্রবল, সার্বভৌম ক্ষমতার অধিকারী, গর্ব ও মহাত্মের অধিকারী)। আর তিনি রুকূতে বলতেন- “সুবহা-না রব্বিয়াল ’আযীম”, আর যখন রুকূ হতে মাথা উঠাতেন তখন বলতেন- “লিরব্বিল হামদু লিরব্বিল হামদু”, আর তিনি সিজদায় গিয়ে বলতেন- “সুবহা-না রব্বিয়াল আ’লা-“, আর দু’ সিজদার মধ্যে বলতেন“রব্বিগফিরলী রব্বিগফিরলী", আর তার কিয়াম আর রুকূ হতে যখন মাথা উঠাতেন সে সময়, আর তার সিজদা আর দু’ সিজদার মধ্যবর্তী সময় প্রায় সমান সমান হত।

## English

25. What Is To Be Said When Standing Up (After Bowing)

It was narrated from Hudhaifah that: He prayed with the Messenger of Allah (ﷺ) one night and he heard him say when he said the takbir: Allahu Akbara dhal-jabaruti wal-malakuti wal-kibriya'i wal-'azamah (Allah is Most Great, the One Who has all power, sovereignty, magnificence and might.) When bowing he would say: Subhana Rabbial-'Azim (Glory be to my Lord Almighty). When he raised his head from bowing he would say: Lirabbil-hamd, Lirabbil-hamd (To my Lord be praise, to my Lord be praise). And when he prostrated (he said): Subhana Rabbial-A'la (Glory be to my Lord Most High). And between the two prostrations (he said): Rabbighfirli, Rabbighfirli (Lord forgive me, Lord forgive me). His standing, his bowing, when he raised his head from bowing, his prostration and the time between the two prostrations, were almost the same.

### ফুটনোট

সহীহ: আবু দাউদ ৫৭৪, তিরমিযী’র “শামায়িল” ২৬২, ইবনু মাজাহ ৮৯৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87443

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন